

আজকাল

কলকাতা ২৩ আশ্বিন ১৪১৩ মঙ্গলবার ১০ অক্টোবর ২০০৬



কলকাতা বাংলা ভারত সম্পাদকীয় খেলা পুরনো সংস্করণ প্রথমপাতা

সোম ও শুক্রবারে বন্ধ করবে না বামফ্রন্ট: বিমান--অরুন্ধতী মুখার্জি ।। সিঙ্গুরে বন্ধ উপেক্ষা করেই জমির ক্ষতিপূরণের চেক ও নগদ টাকা

কলকাতা

মর্যাদা বাড়বে এবার বেসু-র? কর্তৃপক্ষের রিপোর্ট এক মাসের মধ্যে

বন্ধে জেলা স্বাভাবিক মিত্র সাদু

মধুমিতা দত্ত

কলকাতায়

মর্যাদা বাড়বে এবার বেসু-র?
কর্তৃপক্ষের রিপোর্ট এক মাসের
মধ্যে

ফের তৃণমূল ভবনে সুরত

পা পিছলে কেঁপেপুর খালে পড়ে
মৃত ছোট্ট ঋত্বিক

কয়লা সঙ্কটে বিদ্যুৎ ঘাটতি
কলকাতা ও শহরতলিতে দফায়
দফায় লোডশেডিং

আজ টাটা সেন্টার ঘেরাও

ইফতারের নিমন্ত্রণে গিয়ে
তড়িৎদাহত দেড় বছরের শিশু

বেঙ্গল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড সায়েন্স ইউনিভার্সিটি (বেসু)-র ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং, সায়েন্স অ্যান্ড টেকনোলজি (আই আই ই এস টি)-তে উন্নীত হওয়ার বিষয়ে পরিচালন ব্যবস্থা ও ছাত্র ভর্তি নিয়ে তাঁদের মতামত এ মাসের মধ্যেই কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রককে জানিয়ে দেবেন বেসু কর্তৃপক্ষ। বেসু সূত্রের খবর, এই মতামত দেওয়ার ফলে আই আই ই এসটি হওয়ার পথে আরও দ্রুত এগোনো যাবে। প্রসঙ্গত, এম আনন্দকৃষ্ণন কমিটির সুপারিশ অনুযায়ী কেন্দ্র দেশের সাতটি অগ্রণী ইঞ্জিনিয়ারিং ও প্রযুক্তি শিক্ষা প্রতিষ্ঠানকে আই আই ই এস টি-তে উন্নীত করতে চায়। এই তালিকায় বেসু-র সঙ্গে রয়েছে যাদবপুর বিশ্ববিদ্যালয়, আলিগড় মুসলিম ইউনিভার্সিটি, জাকির হুসেন কলেজ অফ ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি, অন্ধ্র ইউনিভার্সিটি কলেজ অফ ইঞ্জিনিয়ারিং, বেনারস হিন্দু ইউনিভার্সিটি, ওসমানিয়া ইউনিভার্সিটি, কোচিন ইউনিভার্সিটি অফ সায়েন্স অ্যান্ড টেকনোলজি। এর মধ্যে আলিগড় মুসলিম ইউনিভার্সিটি এবং বেনারস হিন্দু ইউনিভার্সিটি কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়। তাই আই আই ই এস টি-তে উন্নীত করতে গেলে নতুন করে কোনও আইন প্রণয়ন করতে হবে না। কিন্তু অন্য পাঁচটির ক্ষেত্রে নতুন আইন প্রয়োজন। এবং আই আই ই এস টি হতে গেলে তাকে আই আই টি-র মতোই প্রশাসনিক দিক থেকে সম্পূর্ণ স্বনির্ভর হতে হবে। এর পাশাপাশি এখানে ছাত্র ভর্তি নেওয়া হবে জাতীয় স্তরে এন্ট্রান্স পরীক্ষার মাধ্যমে। আর স্নাতকোত্তর স্তরে ভর্তি হতে গেলে 'গেট' দিতে হবে। বেসু সূত্রের খবর, সব বিষয়টি পরিষ্কার করে এ মাসের মধ্যেই মানবসম্পদ উন্নয়ন মন্ত্রককে জানানো হচ্ছে। এ ক্ষেত্রে যাতে স্থানীয় ছাত্রছাত্রীদের ভর্তির সুযোগ বেশি থাকে তার জন্য আসন সংখ্যা ৫০ শতাংশ বাড়ানোর কথাও উল্লেখ থাকবে। আর সব বিষয়ে মতামত জানাতে হবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকেই, রাজ্য সরকারকে নয়। প্রসঙ্গত, আই আই ই এস টি-তে উন্নীত হলে বেসু পাবে প্রায় ৫২০ কোটি টাকা কেন্দ্রীয় সাহায্য। বিষয়টি নিয়ে ইতিমধ্যেই বর্তমান এবং প্রাক্তন ছাত্রছাত্রীরা খুবই উচ্ছ্বসিত। ইতিমধ্যেই দুনিয়া জুড়ে ছড়িয়ে থাকা প্রাক্তন এবং বর্তমানদের সই সংগ্রহ করা হয়েছে। সেই সই সংবলিত এক চিঠি মুখ্যমন্ত্রীকেও দেওয়া হয়েছে। তাঁদের অনুরোধ, যাতে বিষয়টি দ্রুত বাস্তবায়িত হয় সে বিষয়ে তিনি যেন প্রয়োজনীয় পদক্ষেপ নেন।

[kolkata](#) || [bangla](#) || [bharat](#) || [editorial](#) || [khela](#) || [feedback](#) || [help](#) || [archive](#) || [first page](#)

B P-7, Sector-5, Bidhannagar, Kolkata – 700091, Phone: 30110800, Fax: 23675502/5503
Copyright © Aajkaal Publishers Limited

Designed, developed & maintained by Datasoft Solutions